# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) লামডিং - বদরপুর পাহার রেললাইনে পুনরায় ভূমিধ্বসের ফলে উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের বেশ কয়েকটি রেল
বাতিল ।

২) সাংসদ কনাদ পুরকায়স্থের উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের জি এম এর সংগে দেখা করে লামডিং -বদরপুর রেললাইনের বর্তমান পরিস্থিতি সহ সংশ্লিষ্ঠ অন্যান্য বিষয়ে আলোচনা ।

৩) উত্তরপূর্বাঞ্চলের যুবক যুবতীদের সামুদ্রিক ক্ষেত্রে কর্মসংস্থাপনের সুবিধা প্রদানের জন্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে বলে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের প্রকাশ ।

এবং

৪) উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রণালয়ের আসামের শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের জন্য তিনটি প্রকল্পের প্রতিবেদনে অনুমোদন।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ের লামডিং - বদরপুর পাহাড় লাইনের মুপা - দিহাখো ষ্টেশনের মধ্যে আজ সকালে ভূমিধ্বসের ফলে বেশ কয়েকটি রেল বাতিল করা হয়েছে । ভূমিধ্বসের জন্য আজ সকালে গৌহাটী থেকে শিলচর অভিমুখী রেলটি পুনরায় গৌহাটীতে ফিরিয়ে নেওয়া সহ শিলচর থেকে গোহাটী অভিমুখী যাত্রীবাহী রেল বদরপুর থেকে ফিরিয়ে আনা হয় । আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন যে পাহাড় থেকে পাথর ও মাটি খসে পড়ে রেলপথটি বন্ধ হয়ে পড়ায় উত্তরপূর্ব সীমান্ত রেলের ছটি

রেল আংশিকভাবে বাতিল , আটটি রেল  সম্পূর্নভাবে বাতিল , তিনটি রেলের সময় পুর্ননির্ধারণ করা সহ চারটি রেল নিয়ন্ত্রিত করা হয়েছে । বাতিল হোয়া রেলগুলির মধ্যে রয়েছে গৌহাটী - শিলচর এক্সপ্রেস , রঙিয়া - শিলচর এক্সপ্রেস  , শিলচর - গৌহাটী এক্সপ্রেস ,  গৌহাটী - দুর্লভছড়া এক্সপ্রেস , শিলচর - নাহারলগুন এক্সপ্রেস , দুর্লভছড়া - গৌহাটী এক্সপ্রেস ও  নাহারলগুন - শিলচর এক্সপ্রেস রয়েছে । লামডিং - বদরপুর রেলপথে এবার নিয়ে তৃতীয়বারের মতো হোয়া ভূমিধ্বসের ফলে যাত্রীরা খুব অসুবিধার সম্মুখীন হয়েছেন । এদিকে যাত্রীদের সুবিধার্থে গৌহাটী , লামডিং , শিলচর  , বদরপুর ও আগরতলা ষ্টেশনে হেল্প ডেস্ক  খোলা সহ আটকে পরা যাত্রীদের জন্য খাদ্য সামগ্রী প্রদানের ব্যবস্থা করা হয়েছে ।

আমাদের আকাশবানীর সংবাদদাতা এসম্পর্কে আরো জানান  ----

বাইট

এছাড়া নিয়ন্ত্রিত রেলগুলি হলো বেংগালুরু - আগরতলা এক্সপ্রেস , শিয়ালদাহ - সাব্রুম কাঞ্চনজংঘা এস্কপ্রেস , আগরতলা - রানী কমলাপতি স্পেশাল ও নিউ - তিনসুকিয়া - শিলচর এক্সপ্রেস ট্রেন ।

------------------------------------------------------------------------------------

রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ আজ গৌহাটীতে পৌঁছে উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ের জেনারেল ম্যানেজার ( জি এম ) চেতন শ্রীবাস্তবের সংগে আজ বিকেলে মালিগাও এ দেখা করে শিলচর - লামডিং রেলপথের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন । সাংসদ শ্রী পুরকায়স্থের সংগে ছিলেন রাজ্যের পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , আসাম সংখ্যালঘু ভাষিক উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান শিলাদিত্য দেব ও সুব্রত ভট্টাচার্য । আলোচনার সময় শিলচর- রঙিয়া এক্সপ্রেস ও শিলচর - মহিশাসন ট্রেন সপ্তাহে সাতদিন চলাচল করানো সহ শিলচর থেকে যাত্রাকরা ট্রেনগুলি  আই সি এফ থেকে বিশেষ প্রযুক্তিতে তৈরী  এল এইচ বি কোচে রূপান্তর করা ইত্যাদির আহ্বান জানান । জি এম সাংসদকে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহনের আশ্বাস প্রদান করেন ।

------------------------------------------------------------------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন অপারেশন সিন্দুরের সময় স্থানীয়ভাবে নির্মিত প্রতিরক্ষা সামগ্রীর ব্যবহার এবং প্রতিরক্ষা ক্ষেত্রে প্রদর্শন করা ভারতের সামর্থ্য বৈশ্বিক পর্যায়ে দেশের প্রতিরক্ষা সামগ্রীর চাহিদা বৃদ্ধি করেছে ।আজ নতুন দিল্লীতে প্রতিরক্ষা গাণনিক বিভাগের নিয়ন্ত্রকদের সম্মেলনে অংশগ্রহণ করে শ্রী সিং একথা বলেন ।তিনি

বলেন যে ভারতের প্রতিরক্ষা শিল্প প্রতিষ্ঠানের প্রচুর সম্ভাবনা রয়েছে ।পূর্বে বিদেশ থেকে আমদানি করা প্রতিরক্ষা সামগ্রী এখন দেশে উৎপাদন করা সম্ভব হচ্ছে বলে তিনি জানান ।দেশের প্রতিরক্ষা অর্থনীতির উপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন যে অস্ত্র শস্ত্র উৎপাদনের চাহিদা বৃদ্ধি হওয়ার ফলে এই ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চলের অর্থনৈতিক বিকাশ সুদৃঢ় করা সহ সামুদ্রিক ক্ষেত্রে অঞ্চলটির যুবক যুবতিদের কর্মসংস্থানের সুবিধা প্রদান করার জন্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে ।কেন্দ্রীয় বন্দর জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ গুয়াহাটীতে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন । তিনি বলেন যে ডিব্রুগড়ে স্থাপন করতে যাওয়া সামুদ্রিক উৎকর্ষতা কেন্দ্রে আগামী ১০ বছরে ৫০ হাজার ছাত্রছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হবে । নদী পথে সুষ্ঠু এবং নিরবচ্ছিন্ন ভাবে জাহাজ চলাচলের জন্য নদী খননের ব্যবস্থা করা হবে বলে তিনি জানান ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিগত ১১ বছরের উত্তরপূর্বাঞ্চলের জন্য ছয় লক্ষ কোটি টাকারও অধিক আর্থিক অনুদান প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল বলেন প্রধানমন্ত্রীর ‘পরিবহনের মাধ্যমে পরিবর্তন ’এই মূল মন্ত্র উত্তরপূর্বাঞ্চলকে সমৃদ্ধ করে তোলা সহ এক্ট - ইষ্ট নীতির মাধ্যমে সমগ্র অঞ্চলটি দক্ষিণ পূর্ব এশিয়ার কেন্দ্রবিন্দু হিসেবে পরিগণিত হয়েছে ।কেন্দ্রীয় সরকার পান্ডু , শিলঘাট , বিশ্বনাথ ও বগীবিলে লাইট হাউস নির্মাণের ব্যবস্থা গ্রহণ করবে বলে উল্লেখ করে শ্রী সনোয়াল বলেন এর ফলে পর্যটনের প্রসার সহ আসামের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাষ দেওয়ার ক্ষেত্রে সহায়ক হবে । তিনি আরও বলেন বিশ্বের প্রথমসারির লজিষ্টিক কোম্পানী রেনাস চলতি বছরে বরাক ও ব্রহ্মপুত্রে পরিবেশ অনুকূল নৌক চলাচল আরম্ভ করবে বলে জানান । যাত্রী ও মালবাহী জাহাজ চলাচল বৃদ্ধি করার জন্য জলপথ সমুহকে উন্নত করতে উত্তরপূর্বাঞ্চলে ৮৫ টি কমিউনিটি জেটি নির্মাণের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলেও তিনি জানা । শ্রী সনোয়াল বলেন ---

বাইট

---------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয় আসামের শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের জন্য  তিনটি প্রকল্পের বিস্তারিত প্রতিবেদনে অনুমোদন জানিয়েছে । মন্ত্রনালয়ের উত্তরপূর্ব বিশেষ পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের  আন্ত:মন্ত্রনালয় সমিতির ৫৭ তম বৈঠকে এই অনুমোদন জানানো হয় । এই প্রকল্পগুলির জন্য ১২৩ কোটি ৮৪ লক্ষ টাকা ব্যয় করা হবে । এই

প্রকল্পগুলির অধীনে রাজ্যে বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতার ক্ষেত্রে বিভিন্ন সময়োপযোগী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---

কাছাড় জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জেলায় বিশ্ব জনসংখ্যা পক্ষ , ডায়রিয়া প্রতিরোধ ও জাপানিস এনকেফেলাইটিস মোকাবিলায় আজ জেলা পর্যায়ের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় জানানো হয় যে আগামী ১১ ই জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে জেলায় বেশ কয়েকটি পরিবার পরিকল্পনা শিবিরের আয়োজন করা হবে ।এছাড়া জুলাই ও আগষ্ট মাসে ডাইরিয়া প্রতিরোধ অভিযান শুরু করা হবে বলে সভায় জানানো হয় । সভায় ডাঃ রত্না চক্রবর্তী জানান যে পয়লা জুলাই থেকে জেলায় যক্ষ্মামুক্ত ভারত কর্মসূচী শুরু হয়েছে ।সভায় মুখ্য স্বাস্থ্য ও চিকিৎসা আধিকারীক জানান যে ইতিমধ্যে জেলায় জাপানি এনকেফেলাইটিসে একজন রোগীর মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে সব সরকারী ও বেসরকারী হাসপাতালকে জ্বরের কোন রোগী ভর্তি হলে সঙ্গে সঙ্গে রিপোর্ট পাঠাতে ও জে ই পরীক্ষার ব্যবস্থা করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের পক্ষ থেকে এক প্রতিনিধি দল আজ শিলচর পৌর নিগমের নব নিযুক্ত কমিশনার সৃষ্টি সিংহ-এর সঙ্গে সাক্ষাৎ করে শহরের জমা জলের সমস্যার সমাধান সহ নালা-নর্দমা দ্রুত পরিষ্কার করার দাবী জানিয়েছে । কমিশনার শ্রীমতি সিংহ জানান যে আগামীকাল তিনি মঞ্চের প্রতিনিধিদের নিয়ে কৃষ্ণনগর কলোনী পরিদর্শন করবেন এবং আগামী বুধবার তারাপুর অঞ্চল থেকে সাফাই অভিযান শুরু করা হবে ।

---

সমগ্র দেশের সঙ্গে কাছাড় জেলায়ও গত পয়লা জুলাই থেকে শুরু হওয়া প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সপ্তাহ আজ সমাপ্ত হয়েছে । জেলার ১৫টি উন্নয়ন খন্ডে সপ্তাহব্যাপী কার্য্যসূচীর মধ্য দিয়ে ফসল বীমা নিয়ে সচেতনতা সভা করা হয় । আজ শেষ দিন রাজাবাজার , বিন্নাকান্দি ও শালচাপড়া ব্লকে ফসল বীমা যোজনা উপলক্ষ্যে সচেতনতা সভা অনুষ্টিত হয়েছে । বিন্নাকান্দি বোয়ালি চেংজুড় এলাকায় আয়োজিত সচেতনতামূলক সভায় জেলা কৃষি আধিকারীক ডক্টর এ আর আহমেদ , মহকুমা কৃষি আধিকারীক ডক্টর নিখিল চন্দ্র দাস ও ডক্টর রাহুল চক্রবর্তী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---